53

দৈনিক ইত্তেফাক

তারিখ ...JAN. 30 1999 ... ...
পৃষ্ঠা ১১ কলাম ...৫......

# বালিয়াডাঙ্গী কলেজ শিক্ষকদের বেতন-ভাতার উপর আদালতের নিষেধাজ্ঞা

ঠাকুরগাঁও সংবাদদাতা ॥ ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী সমিরউদ্দিন স্মৃতি কলেজে নিয়ম বহির্ভূতভাবে শিক্ষক ও লাইব্রেরীয়ান নিয়োগ করার অভিযোগে তাহাদের বেতন-ভাতা ও অন্যান্য কর্মকাণ্ডের উপর আদালত অন্তবর্তীকালীন নিষেধাজ্ঞা জারির নির্দেশ দেন।

বালিয়াডাঙ্গী এলাকার কাজী ফাহিমউদ্দিন আহমেদ নামে এক ব্যক্তি কলেজ পরিচালনা কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ ১২ জনের বিরুদ্ধে ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী থানা সহকারী জজ আদালতে গত ২৪শে নভেম্বর এক মামলা (নং ১৮/৯৮ অন্য) দায়ের করেন। মামলার বিবরণে বলা হয়, প্রয়োজনীয় যোগ্যতা না থাকা সত্ত্বেও লাইব্রেরীয়ান পদে একজনকে নিয়োগ দেওয়া হইয়াছে এবং শিক্ষক পদে পূর্বের মনোনীত প্রার্থীদের নিয়োগ না দিয়া কারচুপির মাধ্যমে নূতনভাবে শিক্ষক নিয়োগ দেওয়া হইয়াছে। ইতিপূর্বে কলেজের এই সমস্ত অনিয়মের কারণে বালিয়াডাঙ্গীতে মিছিল ও পোস্টারিং হয়। গত ২৪শে নভেম্বর সহকারী জজ মাফরোজা পারভীন বিবাদীগণের উপর উক্ত নিষেধাজ্ঞা জারির আদেশ দেন।